



সীমান্তে আটক দুই পুলিশ সদস্যকে বিজিবির কাছে হস্তান্তর করল বিএসএফ



ছবি: সংগৃহীত

কুমিল্লার ব্রাহ্মণপাড়া সীমান্ত পেরিয়ে ভারতের ভেতরে প্রবেশের পর আটক হওয়া পুলিশের দুই সদস্যকে পতাকা বৈঠকের মাধ্যমে বাংলাদেশে ফেরত পাঠিয়েছে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ)।

শুক্রবার (১৬ অক্টোবর) দুপুর দেড়টার দিকে ব্রাহ্মণপাড়া উপজেলার নারায়ণপুর সীমান্তের ২০৫৭ নম্বর মেইন পিলার এলাকায় বিজিবি ও বিএসএফের মধ্যে এ বৈঠক অনুষ্ঠিত হয়। পরে দুই পুলিশ সদস্যকে বাংলাদেশের কাছে হস্তান্তর করা হয়।

ফেরত আসা দুই সদস্য হলেন ব্রাহ্মণপাড়া থানার কনস্টেবল রোহিত দেওয়ান ও সহকারী উপপরিদর্শক (এএসআই) মো. ইমরান হোসেন।

পতাকা বৈঠকে সুলতানপুর ব্যাটালিয়ন (৬০ বিজিবি)-এর শশীদল বিওপির কোম্পানি কমান্ডার লেফটেন্যান্ট কর্নেল এস এম শরিফুল ইসলাম, এএসসি; দেবিদ্বার সার্কেলের সহকারী পুলিশ সুপার শাহিন; ব্রাহ্মণপাড়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. ফারুক হোসেন এবং শশীদল বিওপির কমান্ডার সুবেদার মোহাম্মদ তাকবীর হোসেন উপস্থিত ছিলেন।

পুলিশ সূত্রে জানা যায়, বৃহস্পতিবার (১৫ অক্টোবর) রাত সাড়ে ১০টার দিকে ব্রাহ্মণপাড়া উপজেলার শশীদল ইউনিয়নের আশাবাড়ি সীমান্তের ২০৫৯ নম্বর পিলার এলাকায় এ ঘটনা ঘটে।

মাদক উদ্ধারের অভিযানে এক ব্যক্তিকে ধাওয়া করতে গিয়ে কনস্টেবল রোহিত দেওয়ান সীমান্ত অতিক্রম করে ভারতের ভেতরে চলে যান। সেখানে ভারতীয় নাগরিকেরা তাঁকে আটক করেন। পরে রোহিতকে ফিরিয়ে আনতে গেলে এএসআই মো. ইমরান হোসেনও আটক হন।

এরপর দুই পুলিশ সদস্যকে দেশে ফিরিয়ে আনতে বিজিবি ও বিএসএফের মধ্যে যোগাযোগ শুরু হয়। সেই প্রক্রিয়ার অংশ হিসেবে শুক্রবার পতাকা বৈঠকের মাধ্যমে তাঁদের বাংলাদেশে হস্তান্তর করা হয়।